



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

www.iresppw-brdb.gov.bd

E-mail:iresppwad@gmail.com

ফোনঃ ০২-৮১৮০১৪৪

ফ্যাক্সঃ ০২-৮১৮৯০২৯

তারিখঃ ১৭/০৪/২০১৪ খ্রি:

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.০২৪.২০১২- ১৪৭৮

বিষয়ঃ কৃষি ও মৎস্য বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত উপকারভোগী মনোনয়নপূর্বক প্রশিক্ষণে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প” এর সুফলভোগীদের জন্য গোপালগঞ্জ জেলার কোটালিপাড়াহু “বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন প্রশিক্ষণ কমপ্লেক্স (বর্তমানে বাপার্ড)” এ আগামী ২১/০৪/২০১৪ খ্রিঃ হতে ৩০/০৪/২০১৪ খ্রিঃ পর্যন্ত ১০ দিন ব্যাপী কৃষি ও মৎস্য প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকা মোতাবেক নিম্নলিখিত সংখ্যক প্রাথমিক সমিতির সুফলভোগীদেরকে উপজেলাসমূহ হতে প্রকল্পের স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২৪. ২০১২.৯৮১; তারিখঃ ১৬/০৭/২০১৩ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক নির্বাচিত হবে। এক্ষেত্রে প্রাথমিক সমিতির সিদ্ধান্তের আলোকে উপজেলা নির্বাহী অফিসারকে সম্পূর্ণ রেখে মনোনয়ন ছড়ান্ত করতে হবে। নির্ধারিত সূচি মোতাবেক প্রশিক্ষণ গ্রহণের জন্য মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণে অংশগ্রহণের ছাড়পত্রের অনুলিপি প্রশিক্ষণ শুরুর ন্যূনতম ১ দিন পূর্বে প্রকল্প সদর কার্যালয়কে অবহিত করতে হবে। উল্লেখ্য, একজন সুফলভোগী একের অধিক আইজিএ প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ না পায় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

২। নির্বাচিত সুফলভোগী সদস্যদেরকে ২০/০৪/২০১৪ খ্রিঃ রবিবার, বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে গোপালগঞ্জের কোটালিপাড়াহু বাপার্ডে উপস্থিতি নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: উপজেলা ভিত্তিক সুফলভোগীদের তালিকা।

মোঃ আবুল কালাম

উপ প্রকল্প পরিচালক (ইরেসপো)

বিআরডিবি, ঢাকা।

ফোন নং -০২-৮১৮০১৪৩

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

..... উপজেলা (২)

স্মারক নং- ৪৭.৬২.০০০.৯৬১.০০.২৪.১২- ১৪৭৮

তারিখঃ ১৭/০৪/২০১৪ খ্রি :

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. উপজেলা নির্বাহী অফিসার,.....উপজেলা, বরিশাল/যশোর জেলা।
২. উপ পরিচালক, বাপার্ডবো, যশোর জেলা।
৩. মহাপরিচালক (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বাপার্ডবো, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাপার্ডবো, ঢাকা।
৬. সহকারী প্রোগ্রামার (ইরেসপো), বাপার্ডবো, ঢাকা।
৭. অফিস নথি/সংশ্লিষ্ট নথি।

মোঃ আবুল কালাম

উপ প্রকল্প পরিচালক (ইরেসপো)

বিআরডিবি, ঢাকা।

ফোন নং -০২-৮১৮০১৪৩